

**বিশ্ববিদ্যালয়গুলোতে  
 পরিকল্পিত শিক্ষার ওপর  
 রাষ্ট্রপতির গুরুত্ব আরোপ**

■ বাসস  
 রাষ্ট্রপতি আবদুল হামিদ বিশ্ব প্রতিশ্রুতি মোকাবেলার লক্ষ্য নিয়ে আন্তর্জাতিক প্রযোজনারের সঙ্গে সামঞ্জস্য বজায় রেখে দেশের বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষা কার্যক্রম পরিকল্পনা গ্রহণের প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করেছেন।

গতকাল মঙ্গলবার বসবন্ধু আন্তর্জাতিক সফেলন কেন্দ্রে (বিআইসিসি) অনুষ্ঠিত বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালসের (বিইউপি) প্রথম সম্মেলনে বক্তৃতাকালে রাষ্ট্রপতি বলেন, জামােের শিক্ষার্থীদের পেপারভিত্তিক প্রচলিত ও অপ্রচলিত শিক্ষায় শিক্ষিত করে গড়ে তুলতে হবে।

সম্মেলনে অনুষ্ঠানে ১১০ শিক্ষার্থীকে ডিগ্রি প্রদান করা হয়। ছয় শিক্ষার্থী অসামান্য সাফল্যের জন্য চ্যান্সেলর কর্তৃপক্ষ স্নাতক করেছেন।

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ সম্মেলন বক্তা ও এশিয়া প্যাসিফিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী এবং বিইউপি ডিসি মেজর জেনারেল শেখ মামুন রালেদ অনুষ্ঠানে বক্তৃতা করেন।

বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর রাষ্ট্রপতি আরও বলেন, একটি জাতিকে গড়ে তুলতে হলে প্রথম সোপান হচ্ছে শিক্ষা। শুধু অর্থনৈতিক উন্নয়ন নয়, বরং বুদ্ধিবৃত্তির উন্নয়ন, অসাম্প্রদায়িক জীবনবোধ, সর্বোপরি, গভীর দেশপ্রেম জাগ্রত করার একমাত্র উপায় হচ্ছে মানসম্মত শিক্ষা।